

ডিসেম্বর, ২০১৭

শ্রেণিঃ কে জি

বিভাগীয় বার্তা

বাংলা বিভাগ

চিটাগাং গ্রামার স্কুল (ন্যাশনাল কারিকুলাম)

পৌষ পার্বণে পিঠা খেতে বসে খুশিতে বিষম খেয়ে
আরও উল্লাস বাড়িয়াছে মনে মায়ের বকুনি খেয়ে।
কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচা পাকা কুল খেয়ে
অমৃতের স্বাদ যেন লভিয়াছে গাঁয়ের দুলালি মেয়ে।

– সুফিয়া কামাল

প্রিয় ছোট্ট সোনামনিরা,

কুয়াশার চাদর মুড়িয়ে শীত এসে জেকে বসেছে আমাদের ঘরে-বাইরে। গাঁয়ের মেঠো পথে হাঁটতে হাঁটতে দেখতে পাবে
ছনের চালার উপর দিয়ে পিঠা বানানোর সুবাসমাখা ধোঁয়া উড়ছে। ব্যস্ত শহরের অলি-গলি ও রাস্তায় দেখা যায় রং-
বেরঙের শীতের কাপড় মুড়িয়ে হাটে-বাটে-স্কুলে যাচ্ছে অসংখ্য ছেলে-বুড়ো। শীতের হিমশীতল শূভেচ্ছা রইল সবার
প্রতি।

গত ১ নভেম্বর JSC এবং ১৯ নভেম্বর PECE পরীক্ষা শুরু হয়েছে। আমরা আমাদের প্রিয় পরীক্ষার্থীদের অতীতের চেয়ে
অনেক ভালো ফলাফলের অপেক্ষায় আছি। এসো, আমরা সবাই তাদের জন্য দোয়া করি। এ মাসের শেষ সপ্তাহে শুরু
হতে যাচ্ছে অন্যান্য ক্লাসের বার্ষিক পরীক্ষা ও ১০ম শ্রেণির চূড়ান্ত মডেল টেস্ট। আসন্ন উক্ত পরীক্ষাসমূহের পরীক্ষার্থী
যারা তাদেরকে ভালোভাবে প্রস্তুতি নেয়ার আহবান করা হচ্ছে। সময়ের সদ্ব্যবহারের প্রতি মনোযোগ দিতে হবে।

২ ডিসেম্বর পালন করা হচ্ছে ঈদ-এ-মিলাদুন্নবি (স.)। আমাদের প্রিয় মহানবি হযরত মুহাম্মদ (সা.) এর পৃথিবীতে
আগমন উপলক্ষে মুসলিম সম্প্রদায় অত্যন্ত আনন্দ ও ইবাদত-বন্দেগির সাথে এই দিবস পালন করে থাকে।

১৪ ডিসেম্বর উদযাপন করা হবে শহিদ বুদ্ধিজীবী দিবস। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশের
চিন্তাশীল, মনস্বী ও জ্ঞানী ব্যক্তিদের বেছে বেছে হত্যা করে। ১৬ ডিসেম্বর মহাসমারোহে উদযাপিত হবে মহান বিজয়
দিবস। ১৯৭১ সালের এই দিনে সোহরাওয়ার্দী উদ্যানে ৯৩ হাজার পাকিস্তানি সৈন্যের আত্মসমর্পনের মাধ্যমে বিশ্বের
মানচিত্রে ‘বাংলাদেশ’ নামে একটি মানচিত্রের অভ্যুদয় হয়। তোমাদের সবার প্রতি রইল বিজয়ের শূভেচ্ছা।

আগামী ১৩ ডিসেম্বর তোমাদের বহু আকাঙ্ক্ষিত ক্লাস পার্টির আয়োজন করা হচ্ছে। আশা করি তোমরা অনেক হৈ –
হুল্লোড়ে দিনটি কাটাবে।

‘গল্প বলা’ প্রতিযোগিতায় যারা বিজয়ী হয়েছ বাংলা বিভাগের পক্ষ থেকে তোমাদের প্রতি রইল অভিনন্দন। আসন্ন ২০১৮
সাল সবার জন্য কল্যাণ বয়ে আনুক।

ধন্যবাদ,
বাংলা বিভাগ।

‘গল্প বলা’ প্রতিযোগিতায় বিজয়ীদের নাম:

- ১ম : আফসারা আনজুম
২য় : ওমেরা ফিদান
৩য় : আহমেদ আনাস, তাহিয়াতুল ক্রান্তি